

গ্রুপ মেম্বারদের জন্য নোটিশ

S CI 2014 04423

এদের মধ্যে

A.S. তাঁর মোকদ্দমা অভিভাবক মারিয়া টেরেসা আর্থার	বাদী
- এবং -	
অভিবাসন ও সীমান্ত সুরক্ষা মন্ত্রী	প্রথম বিবাদী
অস্ট্রেলিয়া কমনওয়েলথ	দ্বিতীয় বিবাদী

গত 26 শে অগাস্ট 2014 এ ভিক্টোরিয়ার সর্বোচ্চ আদালতে গোষ্ঠী কার্যধারা ("ক্লাস অ্যাকশন") শুরু হয় যেখানে নিম্নলিখিত প্রতিটি ব্যক্তির জন্য ক্ষতিপূরণ দাবি করা হয়:

- গত 27 শে অগাস্ট 2011 থেকে 26 শে অগাস্ট 2014 পর্যন্ত ক্রিসমাস আইল্যান্ডে যাদের আটক করা হয় (তাদের তখন থেকে মুক্তি দেয়া হয়েছে কিনা) (সংশ্লিষ্ট সময়সীমা); এবং
- সংশ্লিষ্ট সময়কালে আটক থাকাকালীন আহত হন এবং/অথবা গর্ভবতী ছিলেন; এবং
- সংশ্লিষ্ট সময়কালে আহত হয়ে ভুগেছে অথবা অস্ট্রেলিয়া সরকার উক্ত ব্যক্তিকে বা তার পিতামাতাকে পর্যাপ্ত হেলথ কেয়ার দিতে ব্যর্থ হওয়ার কারণে আঘাত আরো তীব্র হয়; এবং
- দাবি করা হয় যে অভিবাসন আইন, 1958 (Cth) এর ধারা 36 এর অধীনে অস্ট্রেলিয়া তাকে বা তার সুরক্ষার দায়িত্ব বহন করতে বাধ্য।

উপরের সংজ্ঞার সঙ্গে মিলে যাচ্ছে এমন প্রতিটি ব্যক্তি শ্রেণী কর্মে 'গ্রুপ মেম্বার' ছিলেন। একজন ব্যক্তি (প্রধান বাদী' বলে পরিচিত) তিনি নিজের ও গ্রুপ মেম্বারদের হয়ে এই মামলাটি করেন। এই মামলার প্রধান বাদী অপ্ৰাপ্তবয়স্ক ছিল তার ছদ্মনাম ছিল 'A.S'।

অভিবাসন ও সীমান্ত সুরক্ষা মন্ত্রী (মন্ত্রী) এবং অস্ট্রেলিয়া কমনওয়েলথ (কমনওয়েলথ) উভয় বিরুদ্ধেই ক্লাস অ্যাকশনের মামলা করা হয়।

ক্রিসমাস আইল্যান্ডে আটকের ক্ষেত্রে অনেক ব্যর্থতা ছিল বলে অভিযোগ ওঠে। এর ফলস্বরূপ A.S এবং গ্রুপ মেম্বাররা শারীরিক ও মানসিকভাবে আঘাত পান। মন্ত্রী ও কমনওয়েলথ এইসব অভিযোগ অস্বীকার করেছে।

আপনিও সম্ভবত ক্লাস অ্যাকশনের গ্রুপ সদস্য ছিলেন এবং তাই আপনি এই বছরের প্রথম দিকে অভিবাসন ও সীমান্ত সুরক্ষা বিভাগ থেকে অপট আউটের নোটিশ পেয়েছিলেন।

ক্লাস অ্যাকশন হিসেবে আর মামলাটি এগোবে না

গত 27 শে মার্চ 2017 তে আদালত ক্লাস অ্যাকশন হিসেবে আর মামলাটি এগোবে না বলে আদেশ দেয়। এর মানে এই যে মামলার এখন একমাত্র উদ্বেগ হল বাদী 'A.S.' এর বিষয়ে এবং অন্য কাউকে ক্ষতিপূরণ দেয়া হবে না বা অধিকার নির্ধারণ করা হবে না।

আগে যে ব্যক্তি সংজ্ঞা অনুসারে গ্রুপ মেম্বার ছিলেন তিনি ক্রিসমাস আইল্যান্ডে আটকের ক্ষেত্রে আঘাতের ক্ষতিপূরণ দাবি করতে চাইলে আলাদা করে আদালতে মামলা করতে হবে।

কারা ক্ষতিগ্রস্ত হয়েছে?

উপরের গ্রুপ মেম্বারের সংজ্ঞা অনুসারে সমস্ত গ্রুপ মেম্বারই ক্ষতিগ্রস্ত। যদি আপনার মনে হয় আদালতে আদেশে আপনি ক্ষতিগ্রস্ত তাহলে আপনাকে যত শীঘ্র সম্ভব স্বতন্ত্র আইনি উপদেশ নিতে হবে।

কোনো ব্যক্তির দাবি করার সময়সীমা

অস্ট্রেলিয়াতে ক্ষতিপূরণের দাবি করার সময়সীমা আছে, তাই যারা যারা নিজের দাবি করতে চান তাদেরকে যত শীঘ্র সম্ভব আইনি উপদেশ নিতে হবে।

আপিলের অধিকার

ক্লাস অ্যাকশনে যে সমস্ত ব্যক্তির গ্রুপ মেম্বার ছিলেন তাদের কাছে এই মামলা ক্লাস অ্যাকশন হিসেবে অব্যাহত রাখার জন্য আপিল করতে পারে। তবে এই ধরনের যেকোনো আপিল 24শে মে 2017 এর আগে করতে হবে। আপনি মনে করলে আপিল করতে পারেন এর জন্য আপনাকে শীঘ্রই উক্ত তারিখের আগে আইনি উপদেশ নিতে হবে।

আরো তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা এই সম্পর্কে আরো জানতে চান তাহলে www.mauriceblackburn.com.au/christmasisland, দেখুন, 1800 286 052 নম্বরে ফোন করুন বা এখানে ইমেল করুন: christmasisland@mauriceblackburn.com.au।

আপনি দাবির বিবৃতি ও তা রক্ষণের বিবৃতি এবং এইসব সংস্করণের সংশোধিত নথি সহ সংশ্লিষ্ট নথি christmasisland@mauriceblackburn.com.au এ যোগাযোগ করে বা ভিক্টোরিয়ার সর্বোচ্চ আদালত থেকে পরিদর্শন করতে পারেন:

<http://www.supremecourt.vic.gov.au/home/law+and+practice/class+actions/christmas+island+detention+centre+class+action>

এই নোটিশে বলা বিষয়ে আপনার আরো আইনি উপদেশের প্রয়োজন হলে আপনার ইচ্ছামতো যে কোনো উকিলের সঙ্গে যোগাযোগ করতে পারেন।